তারিখ ... 07 MAY 2016 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৬ ......

যুগান্তর

# ১৬ মে থেকে দাবি পক্ষ পালনের আহ্বান শিক্ষক সমিতির

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে ১৬ থেকে ৩১ মে দেশব্যাপী সভা-সমাবেশ, সেমিনার, মানববন্ধনসহ গুচ্ছ কর্মসূচির মাধ্যমে 'দাবি পক্ষ' পালনের আহ্বান জানিয়েছে শিক্ষক সমিতি। শুক্রবার রাজধানীর পুরানা পল্টনের মণি সিংহ ফরহাদ স্মৃতি ট্রাস্ট ভবনে সমিতির কার্যনির্বাহী সভায় এ আহ্বান জানানো হয়।

সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিকের সভাপতিত্বে সভায় নেতারা অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন প্রদান, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদানসহ শিক্ষার গুণগত মান অর্জনের লক্ষ্যে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, আসন্ন বাজেটে শিক্ষা খাতে ২০ শতাংশ বরাদ্দসহ বিভিন্ন দাবি জানান। এদিকে মোহাম্মদ আজিজুল ইসলামের নেতৃত্বাধীন বাংলাদেশ শিক্ষক সমিতি শিক্ষকদের বকেয়া বেতন পাওয়ায় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।